

কার্ড লোকালের পদ্য

আমরা কেউ নবগ্রাম
শন্তিগড় আমরা কেউ কেউ
টিফিনে কুচোনো শসা
ফুলো মুড়ি, সঙ্গে ভাজা সেউ


আমরা কেউ কাঁধে ব্যাগ
আমরা কেউ বুকপকেটে পেন
ভাঙ্গা টাইপ, ঘুপচি ঘর
সাতের এক সারপেন্টাইন লেন

আমরা কেউ বড়বাজার
রাজাবাজার আমাদেরই কেউ
প্রেমচাঁদ বড়াল স্ট্রিটে
আমরা জাগি এন.জি.ও-র ঢেউ

আমরা কেউ শতদল
আমরা কেউ স্তালিনের ভাই
চাবাবুর ভগ্ন বৈঠা
ইজিমের ছিবড়ে চুয়ে খাই
আমরা কেইবন্ধু বিড়ি
আমরা কেউ গলঝে-র ডাক
লেদার ফলিও হাতে
আমরা কেউ তীর্থে কাক

আমরা কেউ ঘাম -গন্ধ
আমরা কেউ চারমিনারের ছাই
মহিলা ডিববার জানালায়
আমরা কেউ প্রেম খুঁজতে যাই

হা প্রেম জো অন্ন
অন্ন গড় ভগবান সাঁই
হাওড়া স্টেশনে এসে
আমরা রোজ বাঁকে মিশে যাই।



অর্দপ আস

স্রষ্টিসংহান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com